# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২২৬২

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মুসল্লী ব্যক্তিকে প্রয়োজনে বাম পায়ের নিচে থুথু ফেলার নির্দেশ; ডানে বা সামনে নয়

## ذِكْرُ الْأَمْرِ لِلْمُصَلِّي أَنْ يَبْصُقَ عَنْ يَسَارِهِ تَحْتَ رِجْلِهِ الْيُسْرَى لَا عَنْ يَمِينِهِ وَلَا تلقاء وجهه

আরবী

2262 - أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ حَدَّثَنَا عَمْرُو بْنُ زُرَارَةَ الْكِلَابِيُّ حَدَّثَنَا حَاتِمُ بْنُ إِسْمَاعِيلَ أَخْبَرَنَا يَعْقُوبُ بْنُ مُجَاهِدٍ أَبُو حُرُزَةَ عَنْ عُبَادَةَ بْنِ الْوَلِيدِ بْنِ عُبَادَةَ بْنِ الصَّامِتِ قَالَ: أَتَيْنَا جَابِرَ بْنَ عَبْدِ اللَّهِ فِي مَسْجِدِهِ وَهُوَ يُصَلِّي فِي ثَوْبٍ وَاحِدٍ مُشْتَمِلًا بِهِ فَتَخَطَّيْتُ الْقَوْمَ حَتَّى جَلَسْتُ بَيْنَهُ وَبَيْنَ الْقِبْلَةِ فَقُلْتُ: يَرْحَمُكَ اللَّهُ تُصَلِّي فِي ثَوْبٍ وَاحِدٍ وَهَذَا رِدَاؤُكَ إِلَى جَنْبِكَ؟! فَقَالَ بِيَدِهِ فِي صَدْرِي: أَرَدْتُ أَنْ يَدْخُلَ عَلَيَّ أَحْمَقُ مِثْلُكَ فَيَرَانِي كَيْفَ أَصْنَعُ فَيَصْنَعُ بِمِثْلِهِ أَتَانَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي مَسْجِدِنَا هَذَا وَفِي يَدِهِ عُرجون ابْنِ طَابٍ فَرَأَى نُخَامَةً فِي قِبْلَةِ الْمَسْجِدِ فَأَقْبَلَ عَلَيْهَا فَحَكَّهَا بِالْعُرْجُونِ ثُمَّ أَقْبَلَ عَلَيْنَا فَقَالَ: (أَيُّكُمْ يُحِبُّ أَنْ يُعْرِضَ اللَّهُ عَنْهُ؟ ) قَالَ: فَخَشَعْنَا ثُمَّ قَالَ: (أَيُّكُمْ يُحِبُّ أَنْ يُعْرِضَ اللَّهُ عَنْهُ؟ ) فَقُلْنَا: لَا أَيُّنَا يَا رَسُولَ اللَّهِ قَالَ: (إِنَّ أَحَدَكُمْ إِذَا قَامَ يُصَلِّي فَإِنَّ اللَّهَ قِبَلَ وَجْهِهِ فَلَا يَبْصُقْ قِبَلَ وَجْهِهِ وَلَا عَنْ يَمِينِهِ وَلْيَبْصُقْ عَنْ يَسَارِهِ تَحْتَ رِجْلِهِ الْيُسْرَى فَإِنْ عَجِلَتْ بِهِ بَادِرَةٌ فَلْيَقُلْ بِثَوْبِهِ هَكَذَا - وردَّ بَعْضَهُ عَلَى بَعْضٍ - أَرُونِي عبيراً) فَقَامَ فَتًى مِنَ الْحَيِّ يشتدُّ إِلَى أَهْلِهِ فَجَاءَ بِخَلُوقٍ فِي رَاحَتَيْهِ فَأَخَذَهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَجَعَلَهُ عَلَى رَأْسِ الْعُرْجُونِ ولَطَخَ بِهِ عَلَى أَثَرِ النُّخَامَةِ قَالَ جَابِرٌ: فَمِنْ هُنَاكَ جعلتُم الْخَلُوقَ في مساجدكم.

الراوي : أَنس | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2262 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (500): م.

বাংলা

২২৬২. উবাদা বিন সামিত রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আমরা জাবির বিন আব্দুল্লাহ রাদ্বিয়াল্লাহু আনহুমার কাছে তাঁর সালাত আদায়ের স্থানে আসি, এমন অবস্থায় যে তিনি এক কাপড় জড়িয়ে সালাত আদায় করছিলেন। আমি লোকদের মধ্য দিয়ে তাঁর ও তাঁর কিবলার মাঝে গিয়ে বসলাম। অতঃপর তাকে বললাম, “আল্লাহ আপনার প্রতি রহম করুন। আপনি এক কাপড়ে সালাত আদায় করছেন, আপনার চাদর আপনার পাশেই আছে?” তখন তিনি তার হাত আমার বুকে মেরে বললেন, “আমি চেয়েছি যে, আপনার কাছে তোমার মতো আহম্মক প্রবেশ করে দেখুক যে, আমি কিভাবে সালাত আদায় করি। অতঃপর সে-ও অনুরুপ করুক। একবার রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এই মাসজিদে আমাদের কাছে আসেন, এসময় তাঁর হাতে উরজুন বিন তাবা গাছের ডাল ছিল। এসময় তিনি মাসজিদের কিবলার দিকে শ্লেষ্মা দেখতে পান, অতঃপর তিনি সেদিকে এগিয়ে যান এবং উরজুনের ডাল দিয়ে তা খুঁচিয়ে তুলে ফেলেন। তারপর তিনি আমাদের মুখোমুখি হন এবং বলেন, “তোমাদের মধ্যে কে চায় যে, তার থেকে আল্লাহ মুখ ফিরিয়ে নিক?” রাবী বলেন, “ফলে আমরা ভীত-সন্ত্রস্ত হয়ে গেলাম! তারপর তিনি আবার বলেন, “তোমাদের মধ্যে কে চায় যে, তার থেকে আল্লাহ মুখ ফিরিয়ে নিক?” তখন আমরা বললাম, “না, হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম! আমাদের কেউ এমনটা চায় না!” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, “যখন তোমাদের কেউ সালাতে দাঁড়ায়, তখন আল্লাহ তার সামনের দিকে থাকেন। কাজেই সে যেন সামনের দিকে থুথু না ফেলে। আর ডান দিকেও ফেলবে না বরং বাম দিকে, বাম পায়ের নিচে ফেলবে। আর যদি খুব দ্রত ফেলতে হয়, তাহলে সে যেন তা তার কাপড়ে ফেলে -এবং কাপড়ের একাংশকে আরেক অংশ দিয়ে ঘষা দেয়- তোমরা আমাকে একটু খোশবু দাও।” অতঃপর এক যুবক উঠে  দ্রুত তার পরিবারের কাছে যায় এবং দুই হাতের তালুতে সুগন্ধি নিয়ে আসেন। অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তা নিয়ে উরজুনের মাথায় দেন এবং তা শ্লেষ্মার চিহ্নের জায়গায় তা বুলিয়ে দেন।”

জাবির রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, “সেখান থেকেই তোমরা তোমাদের মাসজিদগুলোতে সুগন্ধি দিয়ে থাকো।”[1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ৩০০৮; আবূ দাঊদ: ৪৮৫; সুনান বাইহাকী: ২/২৯৪।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৮৭১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ উবাদা ইব্‌নুস সামিত (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91580

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন